# সকল বোর্ড-২০১৬


## ভূগোল ও পরিবেশ

বিষয় কোড: ১ ১ ০

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**প্রশ্ন-১.**




ক. সূর্যের নিকটতম নক্ষত্রের নাম কী? ১

খ. নিহারীকা কী? ব্যাখ্যা কর। ২

গ. চিত্রে প্রদর্শিত 'C' চিহ্নিত গ্রহটির বর্ণনা দাও। ৩

ঘ. চিত্রের 'D' ও 'F' চিহ্নিত গ্রহ দুটির মধ্যে কোনটিতে জীবনধারণ সম্ভব? বিশ্লেষণ কর। ৪

**প্রশ্ন-২.** জারিন রাজশাহীতে বাবা-মায়ের সাথে বসবাস করে এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করে। পড়াশোনা শেষ করে ঢাকায় একটি কোম্পানীতে জারিন তার পছন্দমত চাকুরি পায় এবং বাবা-মাকে নিয়ে ঢাকায় বসবাস শুরু করে।

ক. সাধারণ জন্মহার কাকে বলে? ১

খ. জনসংখ্যা পিরামিড বলতে কী বোঝায়? ২

গ. জারিন কোন প্রকৃতির অভিবাসন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জারিনের পরিবারের অভিবাসনের ফলে ঢাকা ও রাজশাহীর জনবৈশিষ্ট্যগত ফলাফলে কী পরিবর্তন ঘটবে? বিশ্লেষণ কর। ৪

**প্রশ্ন-৩.** সামিন টেলিভিশনে শিক্ষামূলক একটি অনুষ্ঠান দেখছিল। সেখানে দেখাচ্ছিল ভূপৃষ্ঠের একটি স্থানে ফাটল দিয়ে গলিত পদার্থ, ভস্ম বের হচ্ছে। সামিনের বাবা তাকে বললেন, এটি একটি আকস্মিক পরিবর্তন প্রক্রিয়া এবং এর ফলে ভূপৃষ্ঠের বেশিরভাগ পরিবর্তন হয়।

Teachingbd.com

ক. শিলা কাকে বলে? ১

খ. খনিজ কী? ব্যাখ্যা কর। ২

গ. সামিনের দেখা আকস্মিক পরিবর্তন প্রক্রিয়াটি কী কী কারণে ঘটে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ভূপৃষ্ঠের উপর উক্ত আকস্মিক পরিবর্তন প্রক্রিয়ার ফলাফল বিশ্লেষণ কর। ৪

**প্রশ্ন-৪.** ফাইজা যে এলাকায় বসবাস করে তার নিকটেই সুন্দরি, গোলপাতা, গরান প্রভৃতি বৃক্ষের বিশাল বনভূমি রয়েছে। ফাইজা বাবা-মায়ের সাথে প্রায়ই বনভূমিটিতে বেড়াতে যায়। ফাইজার বাবা বললেন, "অর্থনৈতিক উন্নয়ন ও পরিবেশের ভারসাম্য রক্ষায় বনভূমি খুবই গুরুত্বপূর্ণ।"

ক. বনজ সম্পদ কাকে বলে? ১

খ. শস্য বহুমুখীকরণ কী? ব্যাখ্যা কর। ২

গ. ফাইজা কোন বনভূমিতে বেড়াতে গিয়েছে? বর্ণনা দাও। ৩

ঘ. ফাইজার বাবার বক্তব্যটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

**প্রশ্ন-৫.** শাবাব বিকেলবেলা দাদুর সাথে বারান্দায় বসে গল্প করছিল। শাবাব দাদুকে বলল, দাদু এখন তো শীতকাল তারপরও গরম লাগছে। দাদু বললেন, বায়ুমণ্ডলে এখন প্রতিনিয়ত বিভিন্ন গ্যাসের বৃদ্ধির ফলে একটি প্রতিক্রিয়া ঘটছে এবং এর সামগ্রিক প্রভাব পৃথিবীতে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করছে।

ক. ডেনমার্কের রাজধানীর নাম কী? ১

খ. "গর্জনশীল চল্লিশ" কী? ব্যাখ্যা কর। ২

গ. দাদু বায়ুমণ্ডলে ঘটা কোন প্রতিক্রিয়াটির কথা বলেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. পৃথিবীর সামগ্রিক পরিবেশের উপর উক্ত প্রতিক্রিয়াটির প্রভাব বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

**প্রশ্ন-৬.** চট্টগ্রামের কর্ণফুলী নদীর তীরে, বন্দর গড়ে উঠেছে। লিপি প্রতিদিন বিকেলে তার বাবার সাথে নদীটির তীরে হাঁটে এবং বন্দরের কাজকর্ম লক্ষ্য করে। লিপি তার বাবার কাছে সমুদ্রপথ গড়ে ওঠার ভৌগোলিক কারণ জানতে চায়।

ক. বাণিজ্য কাকে বলে? ১

খ. পরিবহন বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত পথ গড়ে ওঠার ভৌগোলিক কারণগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের বৈদেশিক বাণিজ্যে লিপির দেখা বন্দরটির অবদান বিশ্লেষণ কর। ৪

**প্রশ্ন-৭. দৃশ্যকল্প-১:** চৈত্র মাস, মিলি বিদ্যালয়ে যাওয়ার সময় দেখল, রাস্তার দু'ধারের ফসলি জমিগুলো ফেটে চৌচির হয়ে গেছে এবং ক্ষেতের ফসলগুলো শুকিয়ে তামাটে রং ধারণ করেছে।

**দৃশ্যকল্প-২:** শ্রাবণ মাস, সারাদিন গুঁড়িগুঁড়ি বৃষ্টি। ফাহিমদের এলাকার রাস্তাঘাট, স্কুল, কলেজ পানিতে তলিয়ে গেছে। এমনকি অনেকের ঘরে পানি উঠেছে।

ক. নদীভাঙ্গন কাকে বলে? ১

খ. সুনামী কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ এ সৃষ্ট প্রাকৃতিক দুর্যোগের প্রতিক্রিয়া ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এ সৃষ্ট প্রাকৃতিক দুর্যোগটি প্রতি বছরই বাংলাদেশে ব্যাপক ক্ষতি সাধন করে থাকে— উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

**প্রশ্ন-৮.** জেবা বাবা-মায়ের সাথে পতেঙ্গা সমুদ্রসৈকতে বেড়াতে গেল এবং দেখল দূরে কর্ণফুলী নদীর মোহনায় একটি জাহাজ দাঁড়িয়ে আছে। জেবা লক্ষ্য করল, সমুদ্রের পানি হঠাৎ করে ফুলে ওঠতে শুরু করছে এবং জাহাজটি দ্রুত বন্দরে প্রবেশ করছে।

ক. মহীসোপান কাকে বলে? ১

খ. সমুদ্রস্রোত সৃষ্টির প্রধান কারণ ব্যাখ্যা কর। ২

গ. জেবার দেখা সমুদ্রের পানিতে পরিবর্তনের কারণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. মানবজীবনে পানির এরূপ পরিবর্তনের প্রভাব বিশ্লেষণ কর। ৪

**প্রশ্ন-৯.** জনাব আকমল পশুপালন করে জীবিকা নির্বাহ করেন। তার ছেলে ফয়সাল ব্যাংকার এবং মেয়ে লাবণী চিকিৎসক।

ক. অর্থনৈতিক কার্যাবলি কাকে বলে? ১

খ. আমদানি-রপ্তানি বাণিজ্য বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব আকমলের কার্যাবলিটি কোন পর্যায়ের অর্থনৈতিক কার্যাবলি? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আকমলের অর্থনৈতিক কার্যাবলি এবং ফয়সাল, লাবণীর কার্যাবলি কী একই পর্যায়ভুক্ত? তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০


বিষয় কোড: ১ ১ ০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. বাংলাদেশের উষ্ণতম মাস কোনটি?
ক) জুলাই খ) জুন
গ) এপ্রিল ঘ) মার্চ

২. বাংলাদেশের পদ্মা, মেঘনা ও যমুনা নদীসমূহ কোথায় মিলিত হয়েছে?
ক) যশোর খ) কুষ্টিয়া
গ) দৌলতদিয়া ঘ) চাঁদপুর

নিচের চিত্রটি দেখ এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:



চিত্র: বাংলাদেশের আংশিক মানচিত্র

৩. মানচিত্রে প্রদর্শিত স্থানটিতে জন্মে—
ক) চা, রাবার খ) আখ, আম
গ) কলা, পেয়ারা ঘ) পান, সুপারি

৪. কুয়াকাটা সমুদ্রসৈকত কোন জেলায় অবস্থিত?
ক) নোয়াখালী খ) পটুয়াখালী
গ) কক্সবাজার ঘ) বরিশাল

৫. বড়পুকুরিয়া কয়লা খনি থেকে দৈনিক কী পরিমাণ কয়লা উত্তোলিত হয়?
ক) প্রায় ১.৯৯ মিলিয়ন মেট্রিক টন
খ) প্রায় ২.৯৯ মিলিয়ন মেট্রিক টন
গ) প্রায় ৩.৯৯ মিলিয়ন মেট্রিক টন
ঘ) প্রায় ৪.৯৯ মিলিয়ন মেট্রিক টন
বি. দ্র. : সঠিক উত্তর ৩,০০০ মেট্রিক টন

৬. আমিন সাহেব তার ৪/৫ বিঘা জমিতে পাট চাষ করেন। কারণ তিনি জানেন পাট একটি—
i. অর্থকরী ফসল ii. সোনালী আঁশ
iii. খাদ্যশস্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৭. বাংলাদেশের প্রথম কাগজকল কোন সালে স্থাপিত হয়?
ক) ১৯৫০ সালে খ) ১৯৫১ সালে
গ) ১৯৫২ সালে ঘ) ১৯৫৩ সালে

৮. বাংলাদেশের কোন জেলায় রেলপথ নেই?
ক) টাঙ্গাইল খ) হবিগঞ্জ
গ) কুমিল্লা ঘ) বরিশাল

নিচের উদ্দীপকটি পড় এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:
সজল একজন কম্পিউটার ব্যবসায়ী। প্রতিবছর তিনি ভারত থেকে জরুরী ভিত্তিতে কম্পিউটার আমদানি করেন।

৯. সজল কোন পথে কম্পিউটার আমদানি করেন?
ক) সমুদ্রপথে খ) সড়কপথে
গ) আকাশপথে ঘ) রেলপথে

১০. উক্ত পথে পণ্যটি আনার সুবিধা হলো—
i. সময়ের সাশ্রয় ii. পরিবহন খরচ কম
iii. যন্ত্রাংশের ক্ষতির সম্ভাবনা কম
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১১. কোনটি ক্লোরোফ্লোরো কার্বনের সংকেত?
ক) FeO খ) $CO_2$
গ) $H_2CO_3$ ঘ) CFC

১২. গ্রিন হাউস প্রতিক্রিয়ার ফলে বাংলাদেশের কোন জেলাটি জলমগ্ন হবে?
ক) সাতক্ষীরা খ) দিনাজপুর
গ) রংপুর ঘ) চাঁদপুর

১৩. নদী ভাঙনের সাথে সম্পর্কিত নয় কোনটি?
ক) জলবায়ু পরিবর্তন খ) বৃক্ষ নিধন
গ) নদীর গতিপথ পরিবর্তন
ঘ) পরিবেশের রুক্ষতা

১৪. বৃষ্টির সময় ঢাকায় জলাবদ্ধতার সৃষ্টি হয়। এর কারণ—
ক) ভূমিকম্প
খ) অপরিকল্পিত নগরায়ন
গ) ভৌগোলিক অবস্থান
ঘ) নদীর গভীরতা হ্রাস


১৫. দুর্যোগ ব্যবস্থাপনা চক্রের চিত্রটি লক্ষ্য কর:
পূর্বপ্রস্তুতি ⇒ পুনরুদ্ধার ⇒ [A] ⇒ প্রতিরোধ ⇒ প্রশমন
'A' চিহ্নিত স্থানে কোনটি হবে?
ক) আচরণ খ) সহযোগিতা
গ) উন্নয়ন ঘ) প্রচারণা

১৬. কোন সালে আন্দামান সাগরে ভূমিকম্পের ফলে বঙ্গোপসাগরে সুনামির সৃষ্টি হয়?
ক) ১৯৪১ খ) ১৯৪২
গ) ১৯৪৩ ঘ) ১৯৪৪

১৭. তারা মসজিদ কোথায়?
ক) পটুয়াখালি খ) নোয়াখালি
গ) গাজীপুর ঘ) ঢাকা

১৮. ২০০৬ সালে পর্যটন শিল্প থেকে কত টাকা আয় হয়?
ক) ৫৭৬২.২৪ মিলিয়ন টাকা
খ) ৫৫৩০.৬০ মিলিয়ন টাকা
গ) ৫৩৩০.২৪ মিলিয়ন টাকা
ঘ) ৫১৬০.৬০ মিলিয়ন টাকা

নিচের চিত্রটি দেখ এবং ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও:



চিত্র: উত্তর আমেরিকার রকি পর্বতমালার একাংশ

১৯. চিত্রে প্রদর্শিত পর্বতটি কোন ধরনের পর্বত?
ক) ল্যাকোলিথ খ) চ্যুতি-স্তূপ
গ) আগ্নেয় ঘ) ভঙ্গিল

Teachingbd.com

২০. চিত্রে প্রদর্শিত পর্বতটির বৈশিষ্ট্য হলো—

i. ভাঁজ থাকে
ii. ঢেউয়ের মত আঁকা-বাঁকা থাকে
iii. মোচাকৃতির আকার হয়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২১. দুই বা ততোধিক নদীর মিলনস্থলকে কী বলে?

ক) দোয়াব  খ) নদীগর্ভ
গ) নদী সংগম  ঘ) উপনদী

২২. $১^{\circ}$ = কত মিনিট?

ক) ১৬ মিনিট  খ) ১২ মিনিট
গ) ৮ মিনিট  ঘ) ৪ মিনিট

২৩. ঢাকার দ্রাঘিমা $৯০^{\circ}$ পূর্ব এবং রিয়াদের দ্রাঘিমা $৪৫^{\circ}$ পূর্ব। দু'টি স্থানের সময়ের পার্থক্য কত?

ক) ১ ঘণ্টা  খ) ২ ঘণ্টা
গ) ৩ ঘণ্টা  ঘ) ৪ ঘণ্টা

২৪. জি আই এস কোন সাল থেকে ব্যাপকভাবে ব্যবহৃত হয়?

ক) ১৯৬৪  খ) ১৯৮০
গ) ১৯৮৮  ঘ) ২০০৬

সৌরজগতের চিত্রটি লক্ষ্য কর এবং ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও:

সূর্য ⇒ [A] ⇒ শুক্র ⇒ পৃথিবী ⇒ [B] ⇒

২৫. 'B' স্থানের গ্রহটির নাম কী

ক) বুধ  খ) বৃহস্পতি
গ) শনি  ঘ) মঙ্গল

২৬. চিত্রের 'A' ও 'B' স্থানের গ্রহ দুটির সূর্য থেকে দূরত্বের পার্থক্য কত?

ক) ১৭ কোটি কি.মি.  খ) ১৮ কোটি কি.মি.
গ) ১৯ কোটি কি.মি.  ঘ) ২০ কোটি কি.মি.

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:
আনিছ একটি শিল্প কারখানা গড়ে তুলেন। তাঁর শিল্প কারখানাটি স্বল্প মূলধন, ক্ষুদ্র যন্ত্রপাতির সাহায্যে গড়ে উঠে।

২৭. আনিছের কারখানাটি হলো—

ক) বেকারী  খ) সাইকেল
গ) বস্ত্র  ঘ) রেডিও

২৮. এ ধরনের কারখানা হয়ে থাকে—

i. গ্রামে  ii. শহরে
iii. শহরের কাছে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২৯. কোন গ্রহের ৬৭টি উপগ্রহ আছে?

ক) মঙ্গল  খ) বৃহস্পতি
গ) শনি  ঘ) ইউরেনাস

৩০. জাপানের ফুজিয়ামা কোন ধরনের আগ্নেয়গিরি?

ক) মৃত  খ) সক্রিয়
গ) শিল্ড  ঘ) সুপ্ত

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩১ ও ৩২ নং প্রশ্নের উত্তর দাও:
শোভন তার বাবার সাথে সিলেট বেড়াতে গেল। তারা সিলেটের জয়ন্তিয়া পাহাড় দেখতে গেল। দূর থেকে তারা দেখল যে পাহাড়ের একদিকে বৃষ্টি হচ্ছে কিন্তু বিপরীত দিকে বৃষ্টি হচ্ছে না।

৩১. শোভন কোন ধরনের বৃষ্টিপাত দেখতে পেল?

ক) পরিচলন  খ) শৈলোৎক্ষেপ
গ) ঘূর্ণি  ঘ) বায়ু প্রাচীরজনিত

৩২. পাহাড়ের বিপরীত দিকে বৃষ্টি না হওয়ার কারণ—

i. বায়ুতে জলীয় বাষ্পের অভাব
ii. বায়ু উষ্ণ ও শুষ্ক
iii. বায়ুতে জলীয় বাষ্পের বৃদ্ধি

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

৩৩. কোনটি দিয়ে সমুদ্রের গভীরতা মাপা যায়?

ক) থার্মোমিটার  খ) ল্যাকটোমিটার
গ) ফ্যাদোমিটার  ঘ) রিক্‌টার স্কেল

৩৪. মূল মধ্যরেখা থেকে $৫^{\circ}$ পূর্ব দিকে সরে গেলে সময়ের ব্যবধান কত হবে?

ক) ১৬ মিনিট  খ) ২০ মিনিট
গ) ২৪ মিনিট  ঘ) ২৮ মিনিট

৩৫. সম্প্রতি প্রাকৃতিক দুর্যোগে নেপালে জান-মালের ব্যাপক ক্ষয়-ক্ষতি হয়েছে। নেপালে কোন ধরনের প্রাকৃতিক দুর্যোগ ঘটেছে?

ক) দুর্ভিক্ষ  খ) ভূমিকম্প
গ) বন্যা  ঘ) ঝড়

৩৬. জনসংখ্যা বণ্টনের কোনটি অপ্রাকৃতিক প্রভাবক?

ক) খনিজ  খ) মাটি
গ) পানি  ঘ) অর্থনৈতিক

৩৭. পরিবেশের সঙ্গে মানুষের অভিযোজনের প্রথম পদক্ষেপ কোনটি?

ক) বসতি স্থাপন  খ) পরিবার গঠন
গ) পেশা নির্বাচন  ঘ) শিক্ষা গ্রহণ

৩৮. কোনটি প্রশাসনিক নগর নয়?

ক) ঢাকা  খ) নয়াদিল্লি
গ) চট্টগ্রাম  ঘ) ক্যানবেরা

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও:
মিনার একটি শিল্প প্রতিষ্ঠান আছে। তার প্রতিষ্ঠানে বিভিন্ন কুটিরশিল্প তৈরি হয়। পরিবারের সহায়তা নিয়ে মিনা প্রতিষ্ঠানটি গড়ে তোলে।

৩৯. মিনার প্রতিষ্ঠানে তৈরি জিনিসগুলো কোন ধরনের শিল্প?

ক) বৃহৎশিল্প  খ) মাঝারি শিল্প
গ) লৌহ ও ইস্পাত শিল্প  ঘ) ক্ষুদ্রশিল্প

৪০. মিনার শিল্প প্রতিষ্ঠানটি সহজে পরিচালনা করতে ভূমিকা রাখে—

i. কম শ্রমিক
ii. কম মূলধন
iii. স্বল্পমূল্যের কাঁচামাল

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | ক | ৪ | খ | ৫ | * | ৬ | ক | ৭ | খ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | গ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | গ | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | ক |
| | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | ঘ | ৩১ | খ | ৩২ | ক | ৩৩ | গ | ৩৪ | খ | ৩৫ | খ | ৩৬ | ঘ | ৩৭ | ক | ৩৮ | গ | ৩৯ | গ | ৪০ | ঘ |

http://teachingbd.com